মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৮৩৭/০৬ তারিখ : ০৮-০১-২০২৪ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত এমএলএসএস জনাব মোঃ কিবরিয়া-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : ক) গত ২৬-১২-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮৪তম সভার ০৮ (আট) নং ক্রমিকের সিদ্ধান্ত।
খ) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোঃ আয়ুব আলী-এর ০৮-১০-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২২৪১১)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন "বুড়িগোয়ালিনী ফরেস্ট মাধ্যমিক বিদ্যালয়" এর সাময়িক বরখাস্তকৃত এমএলএসএস জনাব মোঃ কিবরিয়া-এর বিরুদ্ধে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোঃ আয়ুব আলী কর্তৃক আনীত অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিকও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৮৩৭/০৬(১৬) তারিখ : ০৮-০১-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
৩। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, বুড়িগোয়ালিনী ফরেস্ট মাধ্যমিক বিদ্যালয়, বুড়িগোয়ালিনী, শ্যামনগর, সাতক্ষীরা।
৪। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, বুড়িগোয়ালিনী ফরেস্ট মাধ্যমিক বিদ্যালয়, বুড়িগোয়ালিনী, শ্যামনগর, সাতক্ষীরা।
৫। জনাব মোঃ কিবরিয়া, সাময়িক বরখাস্তকৃত এমএলএসএস, বুড়িগোয়ালিনী ফরেস্ট মাধ্যমিক বিদ্যালয়, বুড়িগোয়ালিনী, শ্যামনগর, সাতক্ষীরা।
৬। সংরক্ষণ নথি।

০৮/০১/২০২৪
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিকও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

০৮/০১/২০২৪

# বুড়িগোয়ালিনী ফরেস্ট মাধ্যমিক বিদ্যালয়

স্থাপিত- ১৯৬৭ ইং, EIIN- ১১৮৯১৮ মোবাইল- ০১৩০৯-১১৮৯১৮
ই-মেইল- bgfschool@gmail.com, ওয়েব- bfss.edu.bd
ডাক- বুড়িগোয়ালিনী, উপজেলা- শ্যামনগর, জেলা- সাতক্ষীরা।

স্মারকঃ বু.ফ.মা.বি.১২.০৯.২৩ তারিখঃ ২৫/০৯/২০২৩ খ্রিঃ

বরাবর
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

বিষয়ঃ বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত এম.এল.এস.এস গার্ড মোঃ কিবরিয়া কে স্থায়ী বরখাস্তের আবেদন।

যথা বিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে,আমি নিম্ন স্বাক্ষরকারি এই মর্মে আবেদন করছি, বিদ্যালয়ের এম.এল.এস.এস গার্ড মোঃ কিবরিয়া, CF- 1131294, পিতা- মোঃ আব্দুল হক, মাতা- মাজেদা খাতুন, গ্রাম- ভামিয়া, ডাক- বুড়িগোয়ালিনী, উপজেলা- শ্যামনগর, জেলা- সাতক্ষীরা। সে অত্র বিদ্যালয়ে ১৭/০৮/২০১৬ খ্রিঃ তারিখে যোগদান করার পর থেকে একের পর এক অপকর্ম করে আসছে। ১২/০৬/২০২১ খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির সভা চলাকালীন সভাপতি মহোদয়ের সাথে অশালীন আচরণ, ২৮/০৮/২০২২ খ্রিঃ তারিখে বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক জনাব এস.এম বশির আহমেদ এর সাথে অশালীন আচরণ, ০৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) কে মারতে উদ্যত হওয়া, পর্যায়ক্রমে সকল শিক্ষক কর্মচারীদের সাথে অশালীন আচরণ করা, ১৫/০৮/২০২৩ খ্রিঃ তারিখে বিদ্যালয়ের ২০২২ সালের এস.এস.সি পাশ করা ছাত্রী তাজনুভা আফরিন মিলির সাথে অশ্লীল ভিডিও তৈরি করা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা। এসব ঘটনায় এলাকায় চরম উত্তেজনা বিরাজ করলে ১৫/০৮/২০২৩ খ্রিঃ তারিখে বিদ্যালয়ের অফিস কক্ষে ০৬/২৩ নং অধিবেশনে এক জরুরি সভার আয়োজন করা হয় এবং তাকে সাময়িক বরখাস্ত করা হয়। ঐ অধিবেশনে শ্যামনগর উপজেলার একাডেমিক সুপারভাইজার জনাব মিনা হাবিবুর রহমান কে আহ্বায়ক করে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়।

সর্বমোট তার বিরুদ্ধে সুনির্দিষ্ট ৫ (পাঁচ) টি অভিযোগ উত্থাপিত হয়। এসকল ঘটনায় তাকে পর পর তিন বার কারণ দর্শানোর নোটিশ হাতে ও রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা হয়। ১৬/০৮/২০২৩ খ্রিঃ তারিখে প্রথম কারণ দর্শানোর নোটিশ হাতে ও রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা হলে তার মাতা হাতে হাতে গ্রহণ করেন কিন্তু রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরিত চিঠি বিদ্যালয়ে ফেরত আসে। দ্বিতীয়বার ২৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর নোটিশ হাতে ও রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা হলে তার মাতা হাতে হাতে গ্রহণ করেন কিন্তু রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরিত চিঠি বিদ্যালয়ে ফেরত আসে। তৃতীয়বার ০৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর নোটিশ হাতে ও রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা হলে তার মাতা গ্রহণ করেন নি এবং রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরিত চিঠিও বিদ্যালয়ে ফেরত আসে। দুইটা চিঠি মাতা কর্তৃক গ্রহন করার পরেও কোন জবাব না আসা ও রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরিত চিঠি গ্রহণ না করা সবই আইন অমান্য করার আওতায় পড়ে। ০৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখে তদন্ত কমিটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তাদের তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, মোঃ কিবরিয়ার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ সন্দেহাতীতভাবে সত্য প্রমাণিত হয়েছে। তার মত দুশ্চরিত্র, লম্পট, নারী লিপ্সু, উশৃঙ্খল, উদ্ধত কর্মচারী বিদ্যালয়ের জন্য ক্ষতিকর বিধায় স্বীকৃতিপ্রাপ্ত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের চাকরি বিধিমালা অনুযায়ী তাকে চূড়ান্ত বহিস্কারের জন্য বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির কাছে জোর সুপারিশ করেন। তদন্ত প্রতিবেদন দাখিল এবং স্থায়ী বহিস্কার এসব বিষয় নিয়ে বিদ্যালয়ের অফিস কক্ষে ২০/০৯/২০২৩ খ্রিঃ তারিখে এক বিশেষ সভার আয়োজন করা হয় যার অধিবেশন নং ০৭/২৩ । অতঃপর বিশদ পর্যালোচনায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, অত্র এম.এল.এস.এস গার্ড মোঃ কিবরিয়া কে স্থায়ী বহিস্কার করা একান্ত জরুরি তাই স্থায়ী বহিস্কারের জন্য সরকারি বিধি মোতাবেক যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট দপ্তর ও মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এ নিমিত্ত আবেদন পত্র প্রেরন করার জন্য প্রধান শিক্ষক কে সভাপতি মহোদয় নির্দেশক্রমে অনুরোধ করেন। উল্লেখ্য, অত্র প্রতিষ্ঠানে যোগদানের পূর্বে বিদ্যালয়ের ছাত্রী মোছাঃ সাবিনা ইয়াসমিন (মামনি) কে অপহরণ করেন। ২৪/০৯/২০১০ খ্রিঃ তারিখে ঐ ছাত্রীর মা মোছাঃ বিলকিস বেগম বাদী হয়ে শ্যামনগর থানায় অপহরণ মামলা দায়ের করেন। উক্ত এম.এল.এস.এস গার্ড মোঃ কিবরিয়া ইং ২০১০ সালের অপহরণ মামলার তথ্য গোপন রেখে অত্র প্রতিষ্ঠানে ১৭/০৮/২০১৬ খ্রিঃ তারিখে যোগদান করেন। পরবর্তীতে ঐ মামলায় চাকুরিরত অবস্থায় ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখে বিজ্ঞ আদালত তাকে ১৪ (চৌদ্দ) বছরের কারাদন্ড ও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা অনাদায়ে আরও তিন মাসের কারাদন্ডে দন্ডিত করেন। বিদ্যালয় কর্তৃপক্ষ ঐ সময় তাকে সাময়িক বহিস্কারও করেন। মহামান্য হাইকোর্ট থেকে জামিনে মুক্ত হলে তাকে বিদ্যালয় কর্তৃপক্ষ সাময়িক বহিস্কার প্রত্যাহার করে পুনরায় চাকুরিতে বহাল করেন।

অতএব, বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, এলাকাবাসী, ম্যানেজিং কমিটি এবং শিক্ষক-কর্মচারী সকলের দাবী যাতে তিনি স্থায়ী বহিস্কার হতে পারেন তার বিহীত ব্যবস্থা করার জন্য আপনার সদয় দৃষ্টি আকর্ষন করছি।

২৫/০৯/২০২৩
মোঃ আয়ুব আলী
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বুড়িগোয়ালিনী ফরেস্ট মাধ্যমিক বিদ্যালয়।

মোঃ আয়ুব আলী
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বুড়িগোয়ালিনী ফরেস্ট মাধ্যমিক বিদ্যালয়
উপজেলা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা।